# পরিবেশগত পরিদর্শন ম্যানুয়াল

পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# মুখবন্ধ

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১২(১) ধারা মোতাবেক কোন এলাকায় কোন শিল্প প্রতিষ্ঠান স্থাপন বা প্রকল্প গ্রহণ করার ক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হয়। পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর বিধি ৫ এ পরিবেশগত ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে দূষণের মাত্রা ও পরিধি এবং পরিবেশ ও মানব স্বাস্থ্যের উপর প্রভাব অনুযায়ী শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহকে সবুজ, হলুদ, কমলা ও লাল এই চারটি শ্রেণিতে বিভক্ত করা হয়েছে। সবুজ শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে পরিবেশগত ছাড়পত্র এবং অন্যান্য সকল শ্রেণির ক্ষেত্রে প্রথমে অবস্থানগত ও পরবর্তীতে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করা অত্যাবশ্যক। সবুজ শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ছাড়পত্র ৫ বছর, হলুদ শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ছাড়পত্র ২ বছর এবং কমলা ও লাল শ্রেণিভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ছাড়পত্র ১ বছর পর পর নবায়ন করার বিধান রয়েছে। অবস্থানগত কিংবা পরিবেশগত ছাড়পত্র বা তার নবায়ন প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সাইট সরেজমিন পরিদর্শন ছাড়পত্র প্রদান প্রক্রিয়ার একটি অবিচেছদ্য অংশ। পরিবেশ অধিদপ্তরের নিজস্ব কোন পরিদর্শন ম্যানুয়াল না থাকায় মাঠপর্যায়ের বিভিন্ন অফিস বিভিন্নভাবে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করে থাকে। এতে শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য যথাযথভাবে সন্নিবেশিত হয় না, যা ছাড়পত্র প্রদান বা নবায়নের সিদ্ধান্ত গ্রহণে সমস্যার সৃষ্টি করে থাকে। পরিদর্শন ম্যানুয়ালে পরিদর্শনকারী কর্মকর্তা অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র বা নবায়নের সময় কোন কোন বিষয় পর্যবেক্ষণ করবেন তার উল্লেখ রয়েছে। পাশপাশি পরিদর্শন চেকলিস্ট ও পরিদর্শন প্রতিবেদনের ফরম্যাট এতে সন্নিবেশিত হয়েছে। এটি যথাযথভাবে অনুসরণ করা হলে যথাযথ তথ্যের আলোকে শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ছাড়পত্র বা নবায়নের আবেদন দ্রুততম সময়ের মধ্যে নিস্পত্তি করা সম্ভব হবে এবং একই সাথে পরিদর্শন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অধিদপ্তরের কর্মকর্তাগণের মধ্যে সামঞ্জস্যতা ও স্বচ্ছতা নিশ্চিত করা সহায়ক হবে বলে আমি মনে করি। জার্মান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা (GIZ) এর উদ্যোগে “Promote Sustainability in the Textile and Leather Sector in Bangladesh (STILE)” শীর্ষক প্রকল্পের আওতায় পরিবেশ অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পরিবেশগত রেগুলেটরি এবং গভার্নেন্সসংক্রান্ত দলিলপত্র প্রণয়ন ও উন্নতকরণের অংশ হিসেবে এ পরিবেশগত পরিদর্শন ম্যানুয়ালটি প্রণয়ন করা হয়েছে।

ম্যানুয়ালটি প্রণয়নের সাথে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি এই ম্যানুয়ালটির যথাযথ ও বহুল ব্যবহার প্রত্যাশা করছি।

জয় বাংলা
বাংলাদেশ চিরজীবী হোক

ড. আবদুল হামিদ
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর

# সূচিপত্র


| | | | |
|---|---|---|---|
| **প্রথম অধ্যায়** | - | ভূমিকা | ১ |
| | ১.১ | পটভূমি | ১ |
| | ১.২ | উদ্দেশ্য | ১ |
| | ১.৩ | পরিবেশগত পরিদর্শন | ২ |
| | ১.৪ | পরিবেশগত পরিদর্শনের প্রকারভেদ | ২ |
| | ১.৫ | পরিদর্শকের ভূমিকা | ৩ |
| **দ্বিতীয় অধ্যায়** | - | পরিবেশগত ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে পরিদর্শন | ৪ |
| | ২.১ | ভূমিকা | ৪ |
| | ২.২ | অবস্থানগত ছাড়পত্র প্রদানের জন্য পরিদর্শন | ৪ |
| | | ২.২.১ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সময়সীমা | ৬ |
| | | ২.২.২ প্রাক-পরিদর্শন কার্যক্রম | ৭ |
| | | ২.২.৩ সাইট পরিদর্শন | ১১ |
| | | ২.২.৪ পরিদর্শন প্রতিবেদন | ১২ |
| | ২.৩ | পরিবেশগত ছাড়পত্র প্রদানের জন্য পরিদর্শন | ১২ |
| | | ২.৩.১ পরিবেশগত ছাড়পত্র প্রদানের সময়সীমা | ১৩ |
| | | ২.৩.২ পরিদর্শনের উদ্দেশ্য | ১৩ |
| | | ২.৩.৩ প্রাক-পরিদর্শন কার্যক্রম | ১৩ |
| | | ২.৩.৪ সাইট পরিদর্শন | ১৪ |
| | | ২.৩.৫ পরিদর্শন প্রতিবেদন | ১৬ |
| **তৃতীয় অধ্যায়** | - | পরিবেশগত বিষয়াদি প্রতিপালনসংক্রান্ত পরিদর্শন | ১৭ |
| | ৩.১ | ভূমিকা | ১৭ |
| | ৩.২ | পরিদর্শন পরিকল্পনা | ১৭ |
| | ৩.৩ | পরিদর্শনের জন্য প্রস্তুতি | ১৮ |
| | | ৩.৩.১ অঘোষিত পরিদর্শন | ১৮ |
| | | ৩.৩.২ পরিদর্শন দল গঠন | ১৮ |
| | | ৩.৩.৩ নথি পর্যালোচনা | ১৮ |
| | | ৩.৩.৪ পরীক্ষাগারের সাথে যোগাযোগ | ১৯ |
| | | ৩.৩.৫ পরিদর্শন সময় | ১৯ |
| | | ৩.৩.৬ পরিদর্শকের ব্যক্তিগত উপকরণসামগ্রী | ১৯ |
| | ৩.৪ | অফসাইট পর্যবেক্ষণ (Offsite Observation) | ২০ |
| | ৩.৫ | অনসাইট পরিদর্শন (Onsite Inspection) | ২০ |

| | | |
|---|---|---|
| | ৩.৫.১ স্থান বা ভবনে প্রবেশ | ২০ |
| | ৩.৫.২ প্রারম্ভিক সভা | ২০ |
| | ৩.৫.৩ কাগজপত্র পর্যালোচনা | ২১ |
| | ৩.৫.৪ পরিদর্শনের ভৌত বিষয়সমূহ (Physical Features to Inspect) | ২১ |
| | ৩.৫.৫ নমুনা সংগ্রহ | ২২ |
| | ৩.৫.৬ সমাপনী সাক্ষাৎ | ২২ |
| ৩.৬ | পরিদর্শন প্রতিবেদন | ২৩ |
| ৩.৭ | অনুবর্তী পদক্ষেপ (Follow-up Actions) | ২৩ |
| পরিশিষ্ট - ১ | অবস্থান ছাড়পত্রের জন্য পরিদর্শন চেকলিস্ট | ২৪ |
| পরিশিষ্ট - ২ | পরিবেশগত ছাড়পত্রের জন্য পরিদর্শন চেকলিস্ট | ৩৪ |
| পরিশিষ্ট - ৩ | অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র নবায়নের জন্য পরিদর্শন চেকলিস্ট | ৩৯ |
| পরিশিষ্ট - ৪ | অবস্থানগত ছাড়পত্রের জন্য পরিদর্শন প্রতিবেদন | ৪৭ |
| পরিশিষ্ট - ৫ | পরিবেশগত ছাড়পত্রের জন্য পরিদর্শন প্রতিবেদন | ৫০ |
| পরিশিষ্ট - ৬ | অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র নবায়নের জন্য পরিদর্শন প্রতিবেদন | ৫২ |
| পরিশিষ্ট - ৭ | উৎপাদন প্রক্রিয়ার ফ্লো ডায়াগ্রামের নমুনা | ৫৪ |
| পরিশিষ্ট - ৮ | Mass Stream Overview of an Industry | ৫৫ |

# প্রথম অধ্যায়
## ভূমিকা

### ১.১ পটভূমি

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ অনুসারে প্রতিটি শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের জন্য পরিবেশগত ছাড়পত্র গ্রহণ বাধ্যতামূলক। এই আইনের ধারা ১২ অনুসারে পরিবেশ অধিদপ্তর হতে বিধিবদ্ধ পদ্ধতিতে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে কোনো এলাকায় কোনো শিল্প প্রতিষ্ঠান স্থাপন বা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা যাবে না। এই আইনের আওতায় প্রণীত পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এ শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের অবস্থানগত ছাড়পত্র ও পরিবেশগত ছাড়পত্র প্রদানের পদ্ধতি বিশদভাবে উল্লেখ করা হয়েছে। বিধিমালা অনুসারে অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির লক্ষ্যে শিল্প বা প্রকল্পের উদ্যোক্তাকে প্রয়োজনীয় দলিলপত্রসহ নির্ধারিত ফর্মে পরিবেশ অধিদপ্তরে আবেদন দাখিল করতে হয়। অবস্থানগত বা পরিবেশগত ছাড়পত্র প্রদান কিংবা নবায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাগণকে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প এলাকা সরজমিন পরিদর্শন করতে হয়। এছাড়া শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পসমূহের পরিবেশগত বিধিবিধান এবং ছাড়পত্রের শর্তসমূহ প্রতিপালন হচ্ছে কি না তা পরিবীক্ষণ, অভিযোগ নিষ্পত্তিসহ যথাযথ পরিবেশগত ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাগণ সরেজমিন পরিদর্শন করে থাকেন।

পরিবেশগত ছাড়পত্র প্রদান প্রক্রিয়ার অংশ হিসেবে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প পরিদর্শন পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাদের একটি দৈনন্দিন কাজ। এই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পরিবেশগত পরিদর্শন ম্যানুয়াল প্রণয়ন পরিবেশ অধিদপ্তরের একটি দীর্ঘ দিনের চাহিদা। কারণ একই রকম শিল্প প্রতিষ্ঠান ও পরিবেশগত পরিস্থিতি হলেও পরিদর্শন প্রতিবেদনের ভিন্নতার কারণে ছাড়পত্র প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ভিন্নতা হতে পারে। তাই সকল ক্ষেত্রে একই পরিপ্রেক্ষিতে একইরূপ সিদ্ধান্ত গ্রহণের জন্য পরিদর্শন ম্যানুয়ালের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। এই পরিদর্শন ম্যানুয়ালে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের জন্য প্রস্তাবিত স্থান বা বিদ্যমান স্থাপনা পরিদর্শন করার পদ্ধতির একটি আদর্শ রূপরেখা রয়েছে যাতে অবস্থানগত ছাড়পত্র প্রদান, পরিবেশগত ছাড়পত্র প্রদান এবং নবায়নের বিষয়ে সর্বদা ও সর্বত্র একই ধরনের সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়।

জার্মান সরকারের সহায়তায় জার্মান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা (GIZ) এর উদ্যোগে "Promote Sustainability in the Textile and Leather Sector in Bangladesh (STILE)" শীর্ষক প্রকল্পের আওতায় পরিবেশ অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পরিবেশগত রেগুলেটরি এবং গভর্নেন্স সংক্রান্ত দলিলপত্র প্রণয়ন ও উন্নতকরণের পদক্ষেপ গ্রহণ করা হয়। উক্ত প্রকল্পের অধীনে GIZ-এর সহায়তায় পরিবেশগত পরিদর্শন ম্যানুয়ালটি প্রণয়ন করা হয়েছে।

### ১.২ উদ্দেশ্য

পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাগণের জন্য পরিবেশগত পরিদর্শন ম্যানুয়াল একটি রেফারেন্স ডকুমেন্ট হিসেবে বিবেচিত হবে। পরিবেশগত ছাড়পত্র প্রক্রিয়ার অংশ হিসেবে সরেজমিন পরিদর্শনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তগণের প্রতিপালনীয় কারিগরি ও পদ্ধতিগত বিষয়ে দিকনির্দেশনা প্রদানই এ ম্যানুয়াল প্রণয়নের মুখ্য উদ্দেশ্য। অবস্থানগত ছাড়পত্রের আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে অধিদপ্তরের কর্মকর্তাগণ এ ম্যানুয়াল ব্যবহার করে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের জন্য প্রস্তাবিত সাইট সরেজমিন পরিদর্শন করে পরিবেশগত বিবেচনায় উপযুক্ততা মূল্যায়ন করবেন।

অপরদিকে, পরিবেশগত ছাড়পত্রের আবেদন কিংবা নবায়নের আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে এ ম্যানুয়াল অধিদপ্তরের কর্মকর্তাগণকে শিল্প বা প্রকল্পের অনুকূলে জারিকৃত অবস্থানগত বা পরিবেশগত ছাড়পত্রের শর্তাবলি প্রতিপালনের অবস্থা যাচাই করতে সহায়তা করবে।

পরিদর্শন ও তদন্ত পরিচালনার ক্ষেত্রে পরিবেশগত পরিদর্শন ম্যানুয়াল অধিদপ্তরের কর্মকর্তাগণের জন্য সর্বদা সামঞ্জস্যতা এবং স্বচ্ছতা নিশ্চিত করতে সহায়ক হবে। পরিবেশ সংক্রান্ত বিধিবিধান লংঙ্ঘনের তথ্য সংগ্রহ এবং শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পরিবেশ এবং মানব স্বাস্থ্যের ওপর সৃষ্ট ঝুঁকি বা সম্ভাব্য ঝুঁকি সংক্রান্ত তথ্য আহরণ করতে এ ম্যানুয়ালটি সহায়তা করবে। এখানে সামঞ্জস্যতা বলতে একই ধরনের পরিস্থিতিতে পরিদর্শক কর্তৃক একই ধরনের পদ্ধতি অবলম্বনপূর্বক সর্বদা একই ফলাফল প্রাপ্তিকে বোঝানো হয়েছে। অপরদিকে, স্বচ্ছতা বলতে স্বচ্ছতার সাথে পরিদর্শন ও তদন্ত কার্যক্রম পরিচালনা করা যাতে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের পাশাপাশি জনগণের আস্থা অর্জন করা যায়।

## ১.৩ পরিবেশগত পরিদর্শন

পরিবেশগত পরিদর্শন হলো পরিবেশগত ছাড়পত্র প্রদান প্রক্রিয়ার একটি অপরিহার্য অংশ। অনেক ক্ষেত্রে এটি এনফোর্সমেন্ট কার্যক্রমের জন্যও অপরিহার্য। পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তগণ অন্যান্য বিষয়ের মধ্যে পরিবেশগত ছাড়পত্র প্রদান বা কমপ্লায়্যান্স (compliance) মনিটরিংয়ের উদ্দেশ্যে কোনো স্থান বা শিল্প প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য মহাপরিচালক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ধারা ১০ এ প্রদত্ত ক্ষমতাবলে অধিদপ্তরের কর্মকর্তাগণ উল্লিখিত পরিদর্শন কার্যক্রম সম্পাদন করে থাকেন।

## ১.৪ পরিবেশগত পরিদর্শনের প্রকারভেদ

পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাগণ রুটিন মাফিক এবং উদ্দেশ্যমূলক (Targeted) পরিবেশগত পরিদর্শন করে থাকেন। রুটিন বা নিয়মিত পরিদর্শন সাধারণত পূর্ব পরিকল্পিত যা নিম্নলিখিত কারণে করা হয়:

(ক) অবস্থানগত ছাড়পত্রের আবেদন নিষ্পত্তি
(খ) পরিবেশগত ছাড়পত্রের আবেদন নিষ্পত্তি এবং
(গ) অবস্থানগত বা পরিবেশগত ছাড়পত্র নবায়নের আবেদন নিষ্পত্তি

নিয়মিত পরিবেশগত পরিদর্শন ছাড়াও অধিদপ্তরের কর্মকর্তাগণ উদ্দেশ্যমূলক পরিদর্শনও করে থাকেন। উদ্দেশ্যমূলক পরিবেশগত পরিদর্শন হলো অঘোষিত পরিদর্শন, এ ক্ষেত্রে শিল্প বা প্রকল্পের উদ্যোক্তা বা উক্ত প্রতিষ্ঠানের কোনো কর্মীকে পরিদর্শনের বিষয়ে পূর্বে কোনো কিছু অবহিত করা হয় না। এনফোর্সমেন্ট এবং মনিটরিংয়ের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ সাধারণত এ ধরনের উদ্দেশ্যমূলক বা Targated পরিবেশগত পরিদর্শন করে থাকেন। এ ধরনের পরিদর্শনের মূল উদ্দেশ্য হলো শিল্প কারখানা বা প্রকল্প সমূহ ছাড়পত্রের শর্তসমূহ কতটুকু প্রতিপালন করছে বা বিধিবদ্ধ মানমাত্রার মধ্যে নির্গমন বা নিঃসরণ করছে কি না তা যাচাই করা। আবার কোনো প্রতিষ্ঠান কর্তৃক পরিবেশ সংক্রান্ত বিধিবিধান লঙ্ঘন করছে মর্মে জানা গেলে কিংবা কোনো অভিযোগের পরিপ্রেক্ষিতেও এ ধরনের পরিদর্শন করা হয়ে থাকে।

## ১.৫ পরিদর্শকদের ভূমিকা

অবস্থানগত বা পরিবেশগত ছাড়পত্র প্রদান এবং এনফোর্সমেন্ট কার্যক্রমে পরিবেশ অধিদপ্তরের পরিদর্শনকারী কর্মকর্তা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। উল্লিখিত ক্ষেত্রে পরিদর্শকদের ভূমিকাসমূহ নিম্নরূপ:

(১) প্রাসঙ্গিক দলিলপত্র পর্যালোচনা;
(২) নির্দিষ্ট কোনো স্থান বা স্থাপনার পারিপার্শ্বিক পরিবেশের তথ্য সংগ্রহ;
(৩) সংগৃহীত তথ্য লিপিবদ্ধকরণ ও উপস্থাপন; এবং
(৪) প্রস্তাবিত শিল্প বা প্রকল্পের জন্য কোনো সাইট উপযুক্ত কি না কিংবা কোনো কার্যক্রম পরিবেশ সংক্রান্ত বিধিবিধান মেনে পরিচালিত হচ্ছে কি না সে বিষয়ে নৈর্ব্যক্তিক মতামত প্রদান।

# দ্বিতীয় অধ্যায়

## পরিবেশগত ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে পরিদর্শন

### ২.১ ভূমিকা

পরিবেশ অধিদপ্তর কর্তৃক অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের কার্যক্রমের ব্যাপ্তি ও এগুলো হতে সৃষ্ট দূষণের পরিধি, মাত্রা এবং পরিবেশ ও মানব স্বাস্থ্যের উপর সম্ভাব্য ক্ষতিকর প্রভাব বিবেচনা করে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুসারে শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহকে চারটি শ্রেণিতে বিভক্ত করা হয়েছে, যথা:

(১) সবুজ
(২) হলুদ
(৩) কমলা এবং
(৪) লাল

হলুদ, কমলা এবং লাল শ্রেণির নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপন এবং প্রকল্প গ্রহণের পূর্বে অধিদপ্তরের নিকট হতে প্রথমে অবস্থানগত ও পরবর্তীকালে পরিবেশগত ছাড়পত্র করা বাধ্যতামূলক। তবে সবুজ শ্রেণির নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপন এবং প্রকল্প গ্রহণের পূর্বে অবস্থানগত ছাড়পত্র গ্রহণের প্রয়োজন নেই, কেবল পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হয়।

অধিকন্তু, সরকারি ও বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড), অর্থনৈতিক অঞ্চল এবং বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) শিল্পনগরীতে স্থাপন করা হবে এরূপ শিল্পপ্রতিষ্ঠান এবং প্রকল্পের জন্যও অবস্থানগত ছাড়পত্র গ্রহণের প্রয়োজন নেই, শুধুমাত্র পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হবে।

### ২.২ অবস্থানগত ছাড়পত্র প্রদানের জন্য পরিদর্শন

অবস্থানগত ছাড়পত্র গ্রহণের জন্য শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের উদ্যোক্তাকে ফর্ম-৩ পূরণ করে আবেদন প্রক্রিয়াকরণ ফি এবং ভ্যাট প্রদান করে আবেদন দাখিল করতে হবে। অবস্থানগত ছাড়পত্রের আবেদনের সাথে শিল্প বা প্রকল্পের শ্রেণি অনুসারে নিম্নলিখিত দলিলপত্র দাখিল করতে হবে:

**হলুদ শ্রেণির শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্প**

(১) সাধারণ তথ্যাবলী;
(২) কাঁচামাল, উৎপাদন প্রক্রিয়া এবং উৎপাদিত পণ্যের বিবরণ;
(৩) নির্ধারিত ফর্মে স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তি পত্র;
(৪) বিনিয়োগ সংক্রান্ত দলিলপত্র;
(৫) মৌজা মানচিত্র এবং জমির তফসিল;
(৬) জমির মালিকানা সংক্রান্ত কাগজপত্র বা ভাড়ার চুক্তিপত্র;
(৭) লেআউট প্ল্যান;
(৮) বর্জ্য ব্যবস্থাপনা; এবং
(৯) প্রয়োজনীয় অন্যান্য দলিলপত্র

**কমলা শ্রেণির শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্প**

(১) সাধারণ তথ্যাবলী;
(২) সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে);
(৩) নির্ধারিত ফর্মে স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তি পত্র;
(৪) বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ/বস্ত্র অধিদপ্তর/বিসিক এর নিবন্ধন পত্র/বিনিয়োগ সংক্রান্ত তথ্য;
(৫) জমির মালিকানা সংক্রান্ত কাগজপত্র বা ভাড়ার চুক্তিপত্র;
(৬) মৌজা মানচিত্র এবং জমির তফসিল;
(৭) প্রকল্প এলাকার সাধারণ মানচিত্র;
(৮) দূরত্ব নির্দেশিত প্রকল্প সংলগ্ন এলাকার মানচিত্র;
(৯) প্রকল্প কেন্দ্রিক সাইটের ছবি;
(১০) ইটিপি/এসটিপির অবস্থান নির্দেশিত (প্রযোজ্য ক্ষেত্রে) প্রকল্পের লেআউট প্ল্যান;
(১১) ইটিপি/এসটিপির নির্মাণ অনুমোদনের ক্ষেত্রে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-১২ অনুসারে নকশা ও দলিলপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
(১২) বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার প্ল্যান, ডিজাইন ও যন্ত্রপাতির বিস্তারিত বিবরণসহ সংশ্লিষ্ট কাগজপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
(১৩) প্রাথমিক পরিবেশগত সমীক্ষা (Initial Environmental Examination) প্রতিবেদন; এবং
(১৪) প্রয়োজনীয় অন্যান্য দলিলপত্র

**লাল শ্রেণির শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্প**

(১) সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন;
(২) পরিবেশগত প্রভাব নিরূপণ (Environmental Impact Assessment-EIA/ইআইএ) এর খসড়া কার্যপরিধি;
(৩) নির্ধারিত ফর্মে স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তি পত্র; এবং
(৪) ইআইএ এর কার্যপরিধি অনুমোদন পরবর্তী দাখিলের জন্য প্রয়োজনীয় দলিলপত্র:
  ক) বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ/বস্ত্র অধিদপ্তর/বিসিক এর নিবন্ধন পত্র/বিনিয়োগসংক্রান্ত তথ্য;
  খ) জমির মালিকানাসংক্রান্ত কাগজপত্র বা ভাড়ার চুক্তিপত্র;
  গ) মৌজা মানচিত্র এবং জমির তফসিল;
  ঘ) ইটিপি/এসটিপির অবস্থান নির্দেশিত প্রকল্পের লেআউট প্ল্যান;
  ঙ) ইটিপি/এসটিপির নির্মাণ অনুমোদনের ক্ষেত্রে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর তফসিল-১২ অনুসারে নকশা ও দলিলপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);
  চ) বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার প্ল্যান, ডিজাইন ও যন্ত্রপাতির বিস্তারিত বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে);
  ছ) পরিবেশগত প্রভাব নিরূপণ (Environmental Impact Assessment) প্রতিবেদন; এবং
  জ) প্রয়োজনীয় অন্যান্য দলিলপত্র

## ২.২.১ অবস্থানগত ছাড়পত্র প্রদানের সময়সীমা

অবস্থানগত ছাড়পত্রের আবেদন প্রক্রিয়াকরণের সময়সীমা বিভিন্ন শ্রেণির শিল্প বা প্রকল্পের জন্য বিভিন্ন। হলুদ ও কমলা শ্রেণির শিল্প বা প্রকল্পের অবস্থানগত ছাড়পত্রের জন্য প্রাসঙ্গিক কাগজপত্র ও ছাড়পত্র প্রক্রিয়াকরণ ফিসহ আবেদন প্রাপ্তির পর অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে আবেদনে উল্লিখিত তথ্যাবলি পরীক্ষা ও সংশ্লিষ্ট শিল্প বা প্রকল্পের সাইট সরেজমিন পরিদর্শন করে যৌক্তিকতা ও অভিমতসহ প্রতিবেদন প্রস্তুত করতে হবে। অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ের নিকট দাখিলকৃত তথ্য ও প্রস্তাবিত সাইট গ্রহণযোগ্য বিবেচিত হলে আবেদনকারীকে প্রযোজ্য ছাড়পত্র ফি প্রদানের জন্য অবহিত করতে হবে। আবেদনকারী ফি প্রদান করলে শিল্প বা প্রকল্পের অনুকূলে অবস্থানগত ছাড়পত্র জারি অথবা নিম্নলিখিত সময়সীমার মধ্যে উপযুক্ত কারণ উল্লেখ করে আবেদন নামঞ্জুর করতে হবে:

| শিল্প বা প্রকল্পের শ্রেণি | আবেদন নিষ্পত্তির সময়সীমা (কার্যদিবস) | | |
|---|---|---|---|
| | পরিদর্শন | ছাড়পত্র প্রদান | নামঞ্জুর |
| হলুদ | ৮ | ৭ | ১৫ (আবেদন প্রাপ্তির) |
| কমলা | ২১ | | ৫ (নামঞ্জুরের সিদ্ধান্ত গ্রহণের) |

লাল শ্রেণির শিল্প বা প্রকল্পের ক্ষেত্রে প্রাসঙ্গিক কাগজপত্র, ছাড়পত্র প্রক্রিয়াকরণ ফি ও পরিবেশগত প্রভাব মূল্যায়ন (EIA) এর কার্যপরিধিসহ অবস্থানগত ছাড়পত্রের আবেদন প্রাপ্তির পর, অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক আবেদনে উল্লিখিত তথ্যাবলি পরীক্ষা ও সংশ্লিষ্ট শিল্প বা প্রকল্পের সাইট সরেজমিন পরিদর্শন করে যৌক্তিকতা ও অভিমতসহ প্রতিবেদন প্রস্তুতপূর্বক অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। প্রধান কার্যালয় সকল বিষয়বস্তু মূল্যায়ন করে ইআইএ এর কার্যপরিধি অনুমোদন প্রদান, অতিরিক্ত তথ্যের জন্য নির্দেশ প্রদান বা নামঞ্জুর করবে। প্রধান কার্যালয়ে দাখিলকৃত ইআইএ প্রতিবেদন অনুমোদনের পর, ছাড়পত্র ফি প্রদান সাপেক্ষে অবস্থানগত ছাড়পত্র জারি করা হবে। অবস্থানগত ছাড়পত্রের আবেদনের বিষয়ে অধিদপ্তরের কোনো আপত্তি থাকলে এবং উদ্যোক্তা নির্ধারিত সময়ের মধ্যে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হলে অধিদপ্তর কর্তৃক অবস্থানগত ছাড়পত্রের আবেদন না মঞ্জুর করা হবে। লাল শ্রেণির শিল্প বা প্রকল্পের অবস্থানগত ছাড়পত্রের আবেদন নিষ্পত্তির সময়সীমা নিম্নরূপ:

| শিল্প বা প্রকল্পের শ্রেণি | আবেদন নিষ্পত্তির সময়সীমা (কার্যদিবস) | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ইআইএ এর কার্যপরিধি অনুমোদন | | | | ইআইএ অনুমোদন | অবস্থানগত ছাড়পত্র | |
| | পদির্শন | অনুমোদন | অতিরিক্ত তথ্যাদির জন্য নির্দেশ প্রদান | নামঞ্জুর | অনুমোদন | ছাড়পত্র প্রদান | নামঞ্জুর |
| লাল | ৩০ | | ৭ | ৭ (সিদ্ধান্ত গ্রহণের) | ৩০ | ৭ | ৭ |

বিধি দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে অবস্থানগত ছাড়পত্রের আবেদন নিষ্পত্তির লক্ষ্যে অধিদপ্তরের পরিদর্শনকারী কর্মকর্তাকে উপরে উল্লিখিত সময়ের অনেক আগেই প্রাক-পরিদর্শন কার্যক্রম, সরেজমিন পরিদর্শন এবং পরিদর্শন-পরবর্তী কার্যক্রম সম্পন্ন করতে হবে।

## ২.২.২ প্রাক-পরিদর্শন কার্যক্রম

### ২.২.২.১ নথি পর্যালোচনা

সরেজমিন পরিদর্শনের পূর্বে একজন পরিদর্শনকারী কর্মকর্তাকে অবস্থানগত ছাড়পত্রের জন্য আবেদনকারী প্রতিষ্ঠানের নথি পর্যালোচনা করতে হবে। পর্যালোচনার মাধ্যমে উক্ত কর্মকর্তাকে নিম্নবর্ণিত বিষয়সমূহ সম্পর্কে নিশ্চিত হতে হবে:

(১) উদ্যোক্তা অনুচ্ছেদ ২.২ অনুসারে সমস্ত প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করেছেন;

(২) প্রযোজ্য আবেদন ফর্ম এবং অন্যান্য কাগজপত্রে উদ্যোক্তা বা তার আইনী প্রতিনিধির স্বাক্ষর রয়েছে;

(৩) প্রয়োজনীয় ছাড়পত্র প্রক্রিয়াকরণ ফি এবং ভ্যাট প্রদান করা হয়েছে;

(৪) আবেদন ফর্মে সকল প্রয়োজনী তথ্য প্রদান করা হয়েছে;

(৫) স্থানীয় কর্তৃপক্ষের নিকট থেকে নির্ধারিত ফর্মে অনাপত্তি পত্র সংগ্রহপূর্বক দাখিল করা হয়েছে;

(৬) জমির দলিল (টাইটেল ডিড/লিজ ডিড/সার্ভে খতিয়ান/মিউটেশন খতিয়ান) দাখিল করা হয়েছে;

(৭) দাখিলকৃত লেআউট প্ল্যানে নির্মিতব্য সকল স্থাপনা, তরল বর্জ্য নিষ্কাশন, নির্গমন পয়েন্টসহ প্রযোজ্য ক্ষেত্রে ইটিপির অবস্থান প্রদর্শন করা হয়েছে;

(৮) শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরিমাণসহ কাঁচামাল ও উৎপাদিত পণ্যের তালিকা প্রদান করা হয়েছে;

(৯) শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে উৎপাদন প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ, পানি ব্যবহারের সম্ভ্যাব্য পরিমাণ, মাস ব্যালেন্স, উৎপাদন প্রক্রিয়ার যে সকল ধাপে বর্জ্য সৃষ্টি হবে তা চিহ্নিত এবং বর্জ্যের প্রকৃতি ও পরিমাণ সংক্রান্ত তথ্য প্রদান করা হয়েছে;

(১০) প্রাথমিক পরিবেশগত পরীক্ষা (IEE) চেকলিস্ট প্রয়োজনীয় তথ্যসহ যথাযথভাবে পূরণ করা হয়েছে এবং সকল সংযুক্তি দাখিল করা হয়েছে (কমলা শ্রেণির শিল্পের জন্য প্রযোজ্য); এবং

(১১) পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩-এর তফসিল-১০ এর নির্দেশিকা অনুসারে ইআইএ এর খসড়া কার্যপরিধি প্রণয়ন করা হয়েছে (লাল শ্রেণির শিল্পের জন্য প্রযোজ্য)

নথি পর্যালোচনার সময় পরিদর্শনকারী কর্মকর্তাকে নিশ্চিত হতে হবে যে, বিবেচ্য শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রাসঙ্গিক সমস্ত প্রয়োজনীয় কাগজপত্র জমা দেওয়া হয়েছে এবং দাখিলকৃত কাগজপত্রে প্রয়োজনীয় সকল তথ্য ও বিবরণ রয়েছে। কাগজপত্রের কোনো ঘাটতি বা তথ্যের অপ্রতুলতা থাকলে পরিদর্শনকারী কর্মকর্তাকে তা অবশ্যই লিখিতভাবে বা ইলেক্ট্রনিক পদ্ধতি ব্যবহার করে দ্রুত উদ্যোক্তাকে অবহিত করতে হবে।

উদ্যোক্তার নথি পর্যালোচনার সময়, পরিদর্শনকারী কর্মকর্তাকে শিল্প কার্যক্রম, প্রস্তাবিত সাইটের পরিবেশগত এবং আইনগত দিক, সম্ভাব্য পরিবেশগত প্রভাব এবং ক্ষতিকারক প্রভাবসমূহ রোধ করা বা হ্রাস করার জন্য প্রস্তাবিত প্রশমন ব্যবস্থা (Mitigation Measures) সংক্রান্ত তথ্য সংগ্রহ করতে হবে। অবস্থানগত ছাড়পত্রের ক্ষেত্রে পরিদর্শনকারী কর্মকর্তাকে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩-এর তফসিল-৯ অনুসারে প্রস্তাবিত প্রকল্পের জন্য নির্বাচিত সাইটের উপযুক্ততার বিষয়টি নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকতাকে অন্যান্য বিষয়ের সাথে নিম্নলিখিত তথ্যসমূহ পর্যালোচনা ও বিশ্লেষণ করতে হবে:

| প্রাসঙ্গিক বিষয় | তথ্য |
|---|---|
| শিল্প/কর্মকাণ্ড | (১) উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত কাঁচামালের প্রকৃতি এবং পরিমাণ;<br>(২) উৎপাদন ক্ষমতা;<br>(৩) মাস স্ট্রিম এর সারসংক্ষেপ (দৃষ্টান্ত, পরিশিষ্ট-৮);<br>(৪) উৎপাদন প্রক্রিয়ার ধাপসমূহ (দৃষ্টান্ত, পরিশিষ্ট-৭);<br>(৫) নিঃসরণ ও নির্গমন উৎসমূহের তালিকা (তরল বর্জ্য, গ্যাসীয় নিঃসরণ এবং কঠিন বর্জ্য);<br>(৬) রাসায়নিক দ্রব্যের ব্যবহার;<br>(৭) পানির ব্যবহার এবং এর উৎস;<br>(৮) জ্বালানির ধরন এবং ব্যবহারের হার;<br>(৯) শিল্প উৎপাদনের জন্য নির্বাচিত প্রযুক্তির ধরন;<br>(১০) উৎপাদন প্রক্রিয়ার জন্য নির্বাচিত যন্ত্রপাতির ধরন;<br>(১১) উৎপাদন প্রক্রিয়া নিয়ন্ত্রণের জন্য গৃহীতব্য ব্যবস্থা;<br>(১২) প্রস্তাবিত পরিচালন এবং ব্যবস্থাপনা (Operation and management system); এবং<br>(১৩) কর্মীদের দক্ষতার স্তর |

| প্রাসঙ্গিক বিষয় | তথ্য |
|---|---|
| বিদ্যমান পরিবেশগত অবস্থা | (১) সরকারি রেকর্ডে (যেমন, খতিয়ান) বা অনুমোদিত এলাকা পরিকল্পনায় প্রস্তাবিত সাইটের ভূমি ব্যবহার;<br>(২) প্রস্তাবিত স্থান এবং এর পার্শ্ববর্তী এলাকার বিদ্যমান ভূমি ব্যবহার;<br>(৩) ভৌগোলিক বৈশিষ্ট্য: টপোগ্রাফি এবং জলাশয়;<br>(৪) পরিবেষ্টক পরিবেশগত গুণমান (বায়ু এবং পানির গুণমান, শব্দের মাত্রা);<br>(৫) আবাসিক এলাকা, প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (Ecologically Critical Area-ECA), জীববৈচিত্র্য সমৃদ্ধ ঐতিহ্য এলাকা, সংরক্ষিত বনভূমি, রক্ষিত এলাকা (জাতীয় উদ্যান, বন্যপ্রাণী অভয়ারণ্য, ইকোপার্ক ইত্যাদি), রামসার সাইট, সংরক্ষিত সমুদ্র এলাকা (Marine Protected Area), গুরুত্বপূর্ণ পাখির আবাস, জলাভূমির অভয়াশ্রম/মৎস্য অভয়াশ্রম, প্রত্নতাত্ত্বিক স্থান, ইউনেস্কো হেরিটেজ অথবা কোনো সংবেদনশীল এলাকা থেকে দূরত্ব;<br>(৬) প্রতিবেশগত বৈশিষ্ট্য; এবং<br>(৭) জনবসতি |
| শিল্প কার্যক্রম থেকে সৃষ্ট সম্ভাব্য দূষণ | (১) বায়ুদূষণ;<br>(২) পানিদূষণ;<br>(৩) শব্দদূষণ;<br>(৪) মাটিদূষণ;<br>(৫) বিষাক্ত এবং বিপজ্জনক বর্জ্য;<br>(৬) ধোঁয়া;<br>(৭) বাষ্প (যেমন: এসিড ফিউম);<br>(৮) গন্ধ;<br>(৯) কম্পন;<br>(১০) আগুন; এবং<br>(১১) বিস্ফোরণ |
| প্রস্তাবিত দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা | (১) পানি সংরক্ষণ (Water Conservation);<br>(২) শক্তির দক্ষতা (Energy Efficiency);<br>(৩) পরিচ্ছন্ন/নবায়নযোগ্য শক্তির ব্যবহার;<br>(৪) পরিচ্ছন্ন উৎপাদন এবং দূষণ প্রতিরোধ;<br>(৫) বর্জ্য পুনঃচক্রায়ন এবং পুনর্ব্যবহার;<br>(৬) শিল্পের তরল বর্জ্য এবং পয়ঃবর্জ্য পরিশোধন ব্যবস্থা;<br>(৭) বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা;<br>(৮) শব্দদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা; এবং<br>(৯) কঠিন বর্জ্য ব্যবস্থাপনা |

উল্লিখিত বিষয়সমূহ পর্যালোচনা করা ছাড়াও পরিদর্শনকারী কর্মকর্তাকে নিম্নলিখিত কার্যক্রম সম্পন্ন করতে হবে:

**(ক) নিম্নলিখিত মানচিত্রসমূহ পর্যালোচনা:**

(১) গ্রাম, উপজেলা এবং জেলা ইত্যাদি সম্বলিত প্রকল্পের অবস্থান মানচিত্র (Location Map);

(২) প্রকল্প সাইটের সর্বশেষ Google Earth মানচিত্র;

(৩) সমীক্ষা এলাকার মানচিত্র (Study Area Map) যেখানে ভূমি ব্যবহার, নদী, খাল, বিল, জলাভূমি, ছড়াসহ Surface drainage pattern, জনবসতির অবস্থান, প্রধান অবকাঠামো যেমন: রেলপথ, সড়ক, সঞ্চালন লাইন, প্রধান শিল্প/খনি এবং অন্যান্য দূষণকারী উৎস ইত্যাদি ট্রপোগ্রাফিক্যাল বৈশিষ্ট্যসমূহ স্পষ্টভাবে দেখাতে হবে;

(৪) প্রকল্পের নিষ্কাশন ব্যবস্থার মানচিত্র;

(৫) স্টোরেজ, প্ল্যান্ট এরিয়া, ইউটিলিটি, ETP/WTP, গ্রিন বেল্ট ইত্যাদির অবস্থান নির্দেশিত সাইট প্ল্যান; এবং

(৬) Area Development Plan বা এলাকার উন্নয়ন পরিকল্পনা (যদি থাকে)।

**(খ) চেকলিস্ট পর্যালোচনা:**

উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত সমস্ত কাগজপত্র পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করা হয়েছে কি না তা নিশ্চিত হওয়ার জন্য পরিদর্শনকারী কর্মকর্তা পরিশিষ্ট-১ এ প্রদত্ত চেকলিস্টের সহায়তা নিবেন। নথি পর্যালোচনা সম্পন্ন হলে পরিদর্শনকারী কর্মকর্তাকে শিল্প বা প্রকল্পের জন্য প্রস্তাবিত সাইট পরিদর্শন করতে হবে।

### ২.২.২.২ পরিদর্শন এলাকার সীমানা

অবস্থানগত ছাড়পত্র প্রক্রিয়াকরণের উদ্দেশ্যে পরিদর্শনকারী কর্মকর্তা কেবল শিল্প বা প্রকল্পের জন্য প্রস্তাবিত সাইটটিই পরিদর্শন করবেন না বরং সাইটের চারপাশের এলাকাও পর্যবেক্ষণ করবেন। প্রকল্পের পরিবেশগত পরিদর্শনের ক্ষেত্রে পূর্বনির্ধারিত কোনো ভৌগোলিক সীমারেখা নেই। তবে, পরিদর্শককে কমপক্ষে প্রকল্পের সাইট এবং সাইটের চারপাশে ন্যূনতম ১ (এক) কিলোমিটার ব্যাসার্ধের এলাকার বিদ্যমান পরিবেশগত অবস্থা পরিদর্শন করতে হবে। উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত কাগজপত্র এবং মানচিত্রসমূহ পর্যালোচনা করার সময় পরিদর্শনকারী কর্মকর্তা লোকেশন ম্যাপে পরিদর্শন এলাকার সীমানা নির্ধারণ করবেন এবং সরেজমিন পরিদর্শনের জায়গাগুলো চিহ্নিত করবেন।

#### ২.২.২.৩ পরিদর্শনের সময়

পরিদর্শনকারী কর্মকর্তা শিল্প বা প্রকল্পের প্রস্তাবিত সাইট পরিদর্শনের পূর্বে উদ্যোক্তা বা তার প্রতিনিধিকে তা অবহিত করে যুক্তিসংগত সময়ে সরেজমিন পরিদর্শন করবেন। এতদুদ্দেশ্যে উদ্যোক্তার সাথে যোগাযোগের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ উল্লেখ করা প্রয়োজন:

(১) পরিদর্শনের তারিখ এবং সময়;
(২) পরিদর্শনের পরিসর (Scope of Inspection);
(৩) পরিদর্শনের উদ্দেশ্য;
(৪) পরিদর্শনকালে যাদের সাথে সাক্ষাৎ করা হবে; এবং
(৫) পরিদর্শনের সময় পর্যালোচনার জন্য সাইটে যে সকল কাগজপত্র রাখতে হবে

#### ২.২.২.৩ পরিদর্শকের ব্যক্তিগত উপকরণ সামগ্রী

সরেজমিন পরিদর্শনের সময় পরিদর্শনকারী কর্মকর্তাকে অবশ্যই নিম্নোক্ত ব্যক্তিগত উপকরণসামগ্রী সঙ্গে নিতে হবে:

(১) পরিচয় পত্র (অফিসিয়াল আইডি কার্ড);
(২) লোকেশান ম্যাপ, গুগল ইমেজ এবং অন্যান্য প্রয়োজনীয় ম্যাপ;
(৩) ক্যামেরা বা ক্যামেরাযুক্ত ফোন;
(৪) ভ্রমণ ডায়েরি এবং কলম;
(৫) ঘড়ি;
(৬) পরিদর্শন চেকলিস্ট (পরিশিষ্ট-১);
(৭) গুরুত্বপূর্ণ ফোন নম্বর; এবং
(৮) সাইট ফাইল

### ২.২.৩ সাইট পরিদর্শন

প্রস্তাবিত প্রকল্প বা শিল্পের অবস্থানগত ছাড়পত্র প্রক্রিয়াকরণের জন্য পরিবেশ অধিদপ্তরের কর্মকতাগণ উদ্যোক্তা কর্তৃক প্রদত্ত তথ্য যাচাই করার জন্য প্রথমত সরেজমিনে সাইট পরিদর্শন করবেন। এ ক্ষেত্রে সাধারণত একজন কর্মকর্তা সাইট পরিদর্শন করে থাকেন। তবে, জটিল প্রকল্পের ক্ষেত্রে অধিদপ্তরের বিভিন্ন শাখার কর্মকর্তাদের সমন্বয়ে পরিদর্শন দল গঠন করা যেতে পারে।

সরেজমিন পরিদর্শনের সময় পরিদর্শনকারী কর্মকর্তা প্রস্তাবিত সাইট এবং এর আশেপাশের পরিবেশের বাস্তব পরিস্থিতি পর্যবেক্ষণ করবেন এবং সাইটের প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করবেন। সরেজমিন পরিদর্শনের সময় যে মৌলিক বিষয়সমূহ সতর্কভাবে পরীক্ষা করা প্রয়োজন তা হলো:

(১) শিল্প বা প্রকল্পের জন্য সাইট এবং পার্শ্ববর্তী এলাকার সম্ভাব্য ক্ষতিগ্রস্ত টপোগ্রাফিক বৈশিষ্ট্য (যেমন: পাহাড়, জলাভূমি);
(২) প্রস্তাবিত সাইটের বর্তমান ভূমি ব্যবহার;
(৩) প্রকল্প সাইট এবং তৎসংলগ্ন এলাকার সংবেদনশীল স্থানসমূহ, যেমন: জনবসতি, বিপন্ন প্রজাতির আবাসস্থল, বৈশ্বিক গুরুত্বপূর্ণ প্রজাতি, প্রান্তর, বন, হাসপাতাল, শিক্ষাকেন্দ্র, ধর্মীয় স্থান প্রভৃতি;
(৪) সর্বজনীন সম্পত্তি (Common Property) যেমন: রাস্তা, জলাশয়, প্রকল্পের পানির উৎস;
(৫) বৃষ্টির পানি এবং তরল বর্জ্য নির্গমন পয়েন্ট; এবং
(৬) সাইটের ভূমি উন্নয়নের পরিস্থিতি: এ ক্ষেত্রে পাহাড়কাটা, জলাভূমি ভরাট, জমি দখল বা অন্য কোনো ভাবে বিধিবিধান লঙ্ঘিত হয়েছে কি না তা গুরুত্ব দিয়ে পর্যবেক্ষণ করতে হবে।

সরেজমিন পরিদর্শনের সময়, পরিদর্শনকারী কর্মকর্তা চেকলিষ্ট পূরণ করবেন, নোট নিবেন, ছবি তুলবেন (গুরুত্ব অনুযায়ী ভিডিওগ্রফি করবেন), সাইটের অবস্থানের মানচিত্র (Site Location Map) আঁকবেন এবং স্থানীয় জনগণের সাক্ষাৎকার নিবেন।

### ২.২.৪ পরিদর্শন প্রতিবেদন

সরেজমিন পরিদর্শনে প্রাপ্ত তথ্য হতে পরিদর্শনকারী কর্মকর্তা সংশ্লিষ্ট টেমপ্লেট ব্যবহার করে পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করবেন। অবস্থানগত ছাড়পত্র প্রদানের জন্য সরেজমনি পরিদর্শন প্রতিবেদন তৈরির টেমপ্লেট এই ম্যানুয়ালের পরিশিষ্ট-৪ এ দ্রষ্টব্য। হলুদ শ্রেণির প্রকল্প বা শিল্পের ক্ষেত্রে প্রতিবেদনে উল্লিখিত তথ্য, বিশ্লেষণ, মূল্যায়ন এবং সুপারিশগুলো অফিস প্রধানের অনুমোদনের জন্য নথিতে উপস্থাপন করতে হবে। কমলা এবং লাল শ্রেণির প্রকল্প বা শিল্পের ক্ষেত্রে অনুমোদনের জন্য সংশ্লিষ্ট পরিবেশগত ছাড়পত্র কমিটিতে প্রেরণ করতে হবে। অবস্থানগত ছাড়পত্র প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য পরিদর্শন প্রতিবেদন এবং অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র/দলিলপত্র/তথ্যাদি পর্যালোচনা করতে হবে।

## ২.৩ পরিবেশগত ছাড়পত্র প্রদানের জন্য পরিদর্শন

সবুজ শ্রেণির প্রকল্প বা শিল্পের পরিবেশগত ছাড়পত্রের জন্য প্রয়োজনীয় ফি এবং ভ্যাট প্রদানসহ ফর্ম-৩-এ আবেদন করতে হবে। নিম্নলিখিত কাগজপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে:

(১) শিল্প বা প্রকল্পের সাধারণ তথ্যাবলী;
(২) প্রসেস ফ্লো ডায়াগ্রামসহ উৎপাদন প্রক্রিয়ার বিবরণ;
(৩) জমির দলিল (টাইটেল ডিড/লিজ ডিড/সার্ভে খতিয়ান/মিউটেশন খতিয়ান); এবং
(৪) নির্ধারিত ফর্মে স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তি পত্র

হলুদ, কমলা এবং লাল শ্রেণির প্রকল্প বা শিল্পের জন্য অবস্থানগত ছাড়পত্র পাওয়ার পর উদ্যোক্তা ভূমি ও অবকাঠামোগত উন্নয়ন এবং ইটিপি, বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং অন্যান্য দূষণ নিয়ন্ত্রণ সুবিধাসহ যন্ত্রপাতি স্থাপনের কার্যক্রম গ্রহণ করতে পারবেন। উল্লিখিত কার্যক্রম শেষ হলে উদ্যোক্তা পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করবেন।

### ২.৩.১ পরিবেশগত ছাড়পত্র প্রদানের জন্য সময়সীমা

পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুসারে পরিবেশগত ছাড়পত্র প্রদান বা আবেদন নামঞ্জুরের সময়সীমা নিম্নরূপ:

| শিল্প বা প্রকল্পের শ্রেণি | ছাড়পত্রের ধরন | সময়সীমা (কার্যদিবস) | |
|---|---|---|---|
| | | প্রদান | নামঞ্জুর |
| সবুজ | পরিবেশগত ছাড়পত্র | ৭ | ৭ |
| হলুদ | ঐ | ৭ | ৭ |
| কমলা | ঐ | ২০ | ৫ (সিদ্ধান্ত গ্রহণের পর) |
| লাল | ঐ | ৩০ | ৫ (সিদ্ধান্ত গ্রহণের পর) |

বিধিদ্বারা নির্ধারিত সময়ের মধ্যে পরিবেশগত ছাড়পত্রের আবেদন নিষ্পত্তির লক্ষ্যে পরিদর্শনকারী কর্মকর্তাকে উপরোল্লিখিত সময়ের অনেক আগেই প্রাক-পরিদর্শন কার্যক্রম, সরেজমিন পরিদর্শন এবং পরিদর্শন-পরবর্তী কার্যসমূহ সম্পন্ন করতে হবে।

### ২.৩.২ পরিদর্শনের উদ্দেশ্য

পরিবেশগত ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে পরিদর্শনের মুখ্য উদ্দেশ্য নিম্নরূপ:

(১) অবস্থানগত ছাড়পত্রে প্রদত্ত শর্তগুলো প্রতিপালনের অবস্থা যাচাই;

(২) পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (Environmental Management Plan-EMP / ইএমপি) বাস্তবায়নের অবস্থা যাচাই; এবং

(৩) পরিবেশ ব্যবস্থাপনার উন্নতির সুযোগ চিহ্নিতকরণ

### ২.৩.৩ প্রাক-পরিদর্শন কার্যক্রম

#### ২.৩.৩.১ নথি পর্যালোচনা

সরেজমিন পরিদর্শন শুরু করার আগে, পরিদর্শনকারী কর্মকর্তাকে সংশ্লিষ্ট শিল্প বা প্রকল্পের নথিভুক্ত নিম্নলিখিত দলিলসমূহ অবশ্যই পর্যালোচনা করতে হবে:

(১) অবস্থানগত ছাড়পত্রের জন্য প্রস্তুতকৃত পরিদর্শন প্রতিবেদন;

(২) অবস্থানগত ছাড়পত্র এবং নবায়নসমূহ;

(৩) প্রকল্প বা শিল্পের লেআউট প্ল্যান;

(৪) নিষ্কাশন পরিকল্পনা;

(৫) IEE/EIA/EMP প্রতিবেদন;

(৬) উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত যন্ত্রপাতির তালিকা এবং তাদের ক্ষমতা;

(৭) পানি সরবরাহ পরিকল্পনা;

(৮) ETP এবং STP এর নকশা;

(৯) বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থার পরিকল্পনা;

(১০) কঠিন বর্জ্যসহ বিপজ্জনক বর্জ্য সংরক্ষণ, পরিশোধন এবং অপসারণ পরিকল্পনা; এবং

(১১) বর্জ্য পুনচক্রায়ন এবং পুনর্ব্যবহারের পরিকল্পনা

### ২.৩.৩.২ পরিদর্শনের সময়

পরিদর্শনকারী কর্মকর্তা শিল্প বা প্রকল্প পরিদর্শনের পূর্বে বিষয়টি উদ্যোক্তাকে অবহিত করে যুক্তিসংগত সময়ে সরেজমিন পরিদর্শন করবেন। এতদুদ্দেশ্যে উদ্যোক্তার সাথে যোগাযোগের ক্ষেত্রে অনুচ্ছেদ ২.২.২.৩ এ বর্ণিত বিষয়সমূহ অবহিত করা প্রয়োজন।

### ২.৩.৩.৩ পরিদর্শকের ব্যক্তিগত উপকরণসামগ্রী

সরেজমিন পরিদর্শনের সময় পরিদর্শনকারী কর্মকর্তার সাথে যা যা নিতে হবে তা হলো:

(১) পরিচয় পত্র (অফিসিয়াল আইডি কার্ড);
(২) ক্যামেরা বা ক্যামেরাযুক্ত মোবাইল ফোন;
(৩) ভ্রমণ ডায়েরি এবং কলম;
(৪) ঘড়ি;
(৫) পরিদর্শন চেকলিস্ট;
(৬) গুরুত্বপূর্ণ ফোন নম্বর;
(৭) পরিমাপ টেপ; এবং
(৮) সাইট ফাইল

## ২.৩.৪ সাইট পরিদর্শন

কোনো শিল্প প্রতিষ্ঠানের পরীক্ষামূলক উৎপাদন বা প্রকল্পের কার্যক্রম শুরু করার জন্য যখন সম্পূর্ণরূপে প্রস্তুত তখন পরিবেশগত ছাড়পত্রের জন্য সরেজমিন পরিদর্শন করা হয়। ধরে নেওয়া হয় যে, প্রকল্প পরিকল্পনা (Project Plan) অনুযায়ী অবকাঠামোগত উন্নয়ন ও যন্ত্রপাতি স্থাপন সম্পন্ন হয়েছে, পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (EMP) বাস্তবায়িত হয়েছে এবং EMP-তে উল্লিখিত সমস্ত দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা কার্যকর রয়েছে। এই পর্যায়ে নিম্নলিখিত বিষয়সমূহ যাচাই করার জন্য সরেজমিন পরিদর্শন করা হয়:

(১) কারখানা স্থাপনের সম্পূর্ণতা;
(২) দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থাসহ EMP বাস্তবায়নের অবস্থা;
(৩) EIA-তে প্রদত্ত তথ্যের শুদ্ধতা (Validation);
(৪) আশেপাশের পরিবেশের কোনো পরিবর্তন;
(৫) অবস্থানগত ছাড়পত্রে প্রদত্ত শর্তের প্রতিপালন; এবং
(৬) প্রকল্প এলাকা, লেআউট প্ল্যান, উৎপাদনের ধরন এবং ক্ষমতা, দূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা ইত্যাদির ব্যত্যয়।

পরিবেশগত ছাড়পত্র প্রদানের জন্য পরিদর্শনের সময় পরিদর্শনকারী কর্মকর্তা বা পরিদর্শক দল নিম্নোক্ত কার্যপ্রণালী অনুসরণ করবেন:

### ২.৩.৪.১ প্রতিষ্ঠানে প্রবেশ

শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের সাইটে পৌঁছানোর পূর্বেই পরিদর্শনকারী কর্মকর্তা প্রতিষ্ঠানের পদস্ত ব্যক্তির সাথে যোগাযোগ করবেন এবং পরিদর্শনের তারিখ এবং সময় অবহিত করবেন যাতে কোনো প্রকার বাধা বা সময়ক্ষেপণ ছাড়াই প্রতিষ্ঠানটিতে প্রবেশ করা যায়।

### ২.৩.৪.২ প্রারম্ভিক সভা (Opening Meeting)

সাইটে পৌঁছানোর পর পরিদর্শনকারী কর্মকর্তা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট দায়িত্বশীল ব্যক্তিদের সাথে একটি প্রারম্ভিক সভা করবেন। উক্ত সভায় অধিদপ্তরের কর্মকর্তা তার নিজের পরিচয় দেবেন এবং পরিদর্শন অনুসূচি (Inspection Schedule), পরিদর্শনের পরিসর এবং পরিদর্শনের প্রত্যাশিত সময়কাল জানাবেন।

### ২.৩.৪.৩ অনসাইট পরিদর্শন

শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প পরিদর্শনের ক্ষেত্রে প্রধানত নিম্নলিখিত বিষয়সমূহ পরীক্ষা করতে হবে:

(১) আবেদনে প্রদত্ত তথ্য অনুসারে ভূমি উন্নয়ন করা হয়েছে কি না;
(২) আবেদনের সাথে জমা দেওয়া লেআউট প্ল্যান অনুযায়ী পরিকাঠামো তৈরি করা হয়েছে কি না;
(৩) উৎপাদন কাজে নিয়োজিত ইউনিটের সংখ্যা এবং তাদের উৎপাদন ক্ষমতা;
(৪) গভীর নলকূপের সংখ্যা এবং তাদের উৎপাদন ক্ষমতা;
(৫) দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী ড্রেনেজ লাইন এবং আউটফল;
(৬) ইটিপি, এসটিপি-এর বিভিন্ন ইউনিটের আকার, মিটারিং ডিভাইস এবং পাম্পিং ক্ষমতা;
(৭) বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা যেমন: ব্যাগ হাউস, ইএসপি, স্ক্রাবার, সাইক্লোন, স্ট্যাকের উচ্চতা;
(৮) IEE বা EMP-তে বর্ণিত যন্ত্রগুলোর সাথে অন্যান্য দূষণ নিয়ন্ত্রণ যন্ত্রপাতির সম্পূর্ণ মিল রয়েছে কি না;
(৯) বর্জ্য সংরক্ষণ, পরিশোধন এবং অপসারণ সুবিধা;
(১০) বর্জ্য পুনর্ব্যবহারের সুবিধা;
(১১) সবুজ বেষ্টনী উন্নয়ন;
(১২) ল্যাবোরেটরির সরঞ্জাম এবং জনবল;
(১৩) দূষণ নিয়ন্ত্রণের জন্য বিশেষজ্ঞ জনবল;
(১৪) চেকলিষ্ট পূরণ এবং অসঙ্গতিসমূহ নোটকরণ (পরিশিষ্ট-২ দ্রষ্টব্য); এবং
(১৫) অবস্থানগত ছাড়পত্রে প্রদত্ত শর্তাবলী প্রতিপালন এবং পরিলক্ষিত অসঙ্গতিসমূহ

#### ২.৩.৪.৪ পরিদর্শনে প্রাপ্ত তথ্য প্রাথমিক পর্যালোচনা

(১) পরিদর্শনে প্রাপ্ত তথ্যের সারসংক্ষেপ প্রস্তুতকরণ;
(২) অবিলম্বে দৃষ্টি দেওয়া প্রয়োজন এমন সমস্যা চিহ্নিতকরণ; এবং
(৩) সমাপনী সাক্ষাতের জন্য নোট প্রস্তুতকরণ

#### ২.৩.৪.৫ সমাপনী সাক্ষাৎ

সরেজমিন পরিদর্শন শেষে পরিদর্শনকারী কর্মকর্তাকে উদ্যোক্তা বা তার প্রতিনিধির সাথে সাক্ষাৎ করে জানাতে হবে যে, পরিদর্শন সম্পন্ন হয়েছে এবং তিনি সাইট ত্যাগ করে চলে যাচ্ছেন। সমাপনী সাক্ষাতের সময় পরিদর্শন কর্মকর্তা পরিদর্শনে প্রাপ্ত প্রাথমিক তথ্য, উক্ত তথ্যের তাৎপর্য এবং পরবর্তী পদক্ষেপ সম্পর্কে উদ্যোক্তা বা তার প্রতিনিধিকে অবহিত করবেন। কিন্তু অধিদপ্তরের আনুষ্ঠানিক মতামত বা সিদ্ধান্ত হিসেবে বিবেচিত হতে পারে এমন কোনো বক্তব্য প্রদানে বিরত থাকতে হবে। পরবর্তীকালে, উদ্যোক্তার সাথে আনুষ্ঠানিক যোগাযোগের ক্ষেত্রে পরিদর্শনের বিষয়টি একটি সূত্র (Reference) হিসেবে ব্যবহৃত হবে।

### ২.৩.৫ পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারী কর্মকর্তা পরিশিষ্ট-৫-এ প্রদত্ত টেমপ্লেট ব্যবহার করে পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করবেন। পরিদর্শন প্রতিবেদনের সাথে প্রাসঙ্গিক চেকলিস্ট, ফটো এবং প্রয়োজন হলে ভিডিওগ্রাফিক প্রমাণসমূহ সংযুক্ত করতে হবে। নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট প্রতিবেদনটি উপস্থাপনের পূর্বে পরিদর্শনকারী কর্মকর্তাকে প্রতিবেদনটি মনযোগ সহকারে পরীক্ষা করতে হবে।

নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রতিবেদনটি অবলোকনের পর পরিদর্শন প্রতিবেদনটি সংশ্লিষ্ট শিল্প বা প্রকল্পের নথিতে  অন্তর্ভুক্ত করতে হবে। লাল এবং কমলা শ্রেণির শিল্প বা প্রকল্পের ক্ষেত্রে পরিদর্শন প্রতিবেদনটি পরিবেশগত ছাড়পত্র কমিটির নিকট প্রেরণ করতে হবে। সবুজ এবং হলুদ শ্রেণির ক্ষেত্রে নথিতে অফিস প্রধানের নিকট পরিদর্শন প্রতিবেদনটি উপস্থাপন করতে হবে।

# তৃতীয় অধ্যায়

## পরিবেশগত বিষয়াদি প্রতিপালন সংক্রান্ত পরিদর্শন

### ৩.১ ভূমিকা

ছাড়পত্র প্রদানের জন্য সরেজমিন পরিদর্শন ছাড়াও পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাগণ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সর্বশেষ সংশোধিত ২০১০) এবং এই আইনের অধীন প্রণিত বিধিমালা, আদেশ, নির্দেশিকা এবং ছাড়পত্রে প্রদত্ত শর্তসমূহ প্রতিপালনের বিষয়টি যাচাই করার উদ্দেশ্যে পরিদর্শন করে থাকেন। কমপ্লায়েন্স পরিদর্শনের মাধ্যমে পরিবেশ অধিদপ্তর কর্তৃক কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থানগত বা পরিবেশগত ছাড়পত্র নবায়ন করা হয় অথবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ করা হয়।

### ৩.২ পরিদর্শন পরিকল্পনা

পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ অনুসারে হলুদ, কমলা এবং লাল শ্রেণির শিল্প বা প্রকল্পের জন্য অবস্থানগত ছাড়পত্র এবং সকল শ্রেণির শিল্পপ্রতিষ্ঠান বা প্রকল্পের জন্য পরিবেশগত ছাড়পত্র গ্রহণ এবং নবায়ন বাধ্যতামূলক। সবুজ শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পরিবেশগত ছাড়পত্র ৫ বছর অন্তর নবায়নযোগ্য। হলুদ শ্রেণির অবস্থান ও পরিবেশগত ছাড়পত্র ২ বছর অন্তর নবায়ন করতে হবে। অপরদিকে কমলা ও লাল শ্রেণির শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ছাড়পত্রের মেয়াদ ১ বছর যা প্রতি বছর নবায়নযোগ্য। শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থানগত কিংবা পরিবেশগত ছাড়পত্র নবায়নের লক্ষ্যে ছাড়পত্রে উল্লিখিত শর্তাবলী প্রতিপালনের অবস্থা যাচাই করার জন্য অধিদপ্তরের কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে সরেজমিন পরিদর্শন করতে হবে। ছাড়পত্র নবায়ন কিংবা এনফোর্সমেন্টের লক্ষ্যে সম্পাদিত সরেজমিন পরিদর্শনের সময় বিবেচ্য বিষয়সমূহ নিম্নরূপ:

(১) নথির তথ্য পর্যালোচনা এবং মূল্যায়ন;
(২) পুঙ্খানুপুঙ্খভবে প্রতিষ্ঠান পরিদর্শন;
(৩) পূর্ব-পরিকল্পিতভাবে নমুনা সংগ্রহ এবং বিশ্লেষণ;
(৪) চাক্ষুষ পর্যবেক্ষণ;
(৫) প্রতিষ্ঠানের কর্মীদের সাক্ষাৎকার গ্রহণ
(৬) প্রতিষ্ঠানের নিজস্ব পরিবীক্ষণ পদ্ধতি, উপকরণ এবং তথ্য পর্যালোচনা;
(৭) প্রক্রিয়া এবং নিয়ন্ত্রণ ডিভাইসসমূহ পরীক্ষা; এবং
(৮) পরিবেশগত বিষয় প্রতিপালন না করা হয়ে থাকলে তার প্রমাণ সংগ্রহ

## ৩.৩ পরিদর্শনের জন্য প্রস্তুতি

### ৩.৩.১ অঘোষিত পরিদর্শন

এনফোর্সমেন্টের উদ্দেশ্যে সম্পাদিত পরিবেশগত বিষয়াদি প্রতিপালন (Compliance) সংক্রান্ত পরিদর্শন পরিকল্পিতভাবে বা কোনো দুর্ঘটনা, আইন লঙ্ঘনের সন্দেহ বা এতদসংক্রান্ত প্রাপ্ত তথ্যের ভিত্তিতে তাৎক্ষণিকভাবেও হতে পারে। অন্যদিকে ছাড়পত্র নবায়নের ক্ষেত্রে সম্পাদিত পরিদর্শন হলো একটি পরিকল্পিত কার্যক্রম। উভয় ক্ষেত্রেই পরিদর্শনের বিষয়ে উদ্যোক্তা বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আগে থেকে অবহিত করা যাবে না।

### ৩.৩.২ পরিদর্শন দল গঠন

পরিদর্শনের উদ্দেশ্যে অফিস প্রধান একজন সভাপতি এবং এক বা একাধিক সদস্যের সমন্বয়ে একটি টিম গঠন করবেন। তবে একজন কর্মকর্তাও পরিবেশগত বিষয়াদি প্রতিপালন বিষয়ে পরিদর্শন করতে পারেন।

### ৩.৩.৩ নথি পর্যালোচনা

পরিবেশগত বিষয়াদি প্রতিপালন যাচাইয়ের উদ্দেশ্যে পরিদর্শন শুরু করার আগে পরিদর্শনকারী কর্মকর্তাকে সংশ্লিষ্ট নথির নিম্নলিখিত তথ্যসমূহ পর্যালোচনা করতে হবে:

(১) অনলাইন আবেদন, ফি এবং ভ্যাট;
(২) প্রতিষ্ঠানের সাধারণ তথ্য, যেমন ঠিকানা, উৎপাদন প্রক্রিয়ার ইউনিটের সংখ্যা এবং তাদের উৎপাদন ক্ষমতা, ক্যাপটিভ বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা, পানির ব্যবহার, গভীর নলকূপের সংখ্যা (যদি থাকে), জ্বালানি ব্যবহার ইত্যাদি;
(৩) তরল বর্জ্য এবং বৃষ্টির পানি প্রবাহের নির্গমন স্থল;
(৪) তরল বর্জ্য নির্গমন স্থান বা জলাশয়;
(৫) বিপজ্জনক বর্জ্যসহ কঠিন বর্জ্য উৎপাদনের পরিমাণ ও ব্যবস্থাপনা পদ্ধতি;
(৬) প্রাত্যহিক সৃষ্ট তরলবর্জ্য এবং পয়ঃবর্জ্যের পরিমাণ;
(৭) ইটিপি এবং এসটিপির পরিশোধন পদ্ধতি ও পরিশোধন ক্ষমতা;
(৮) ইটিপি এবং এসটিপির স্লাজ ব্যবস্থাপনা;
(৯) বায়ুদূষণের উৎস এবং নিয়ন্ত্রণ ব্যবস্থা;
(১০) শব্দদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা;
(১১) রাসায়নিক দ্রব্য সংরক্ষণাগার এবং নিরাপত্তা ব্যবস্থা;
(১২) বায়ুর গুণগত মান পর্যবেক্ষণের সুবিধা;
(১৩) মূল ছাড়পত্র, পূর্ববর্তী পরিদর্শন প্রতিবেদন, ছাড়পত্র নবায়নসমূহের কপি;
(১৪) সাম্প্রতিক এবং পূর্ববর্তী বায়ু, পানি এবং শব্দের পরিবীক্ষণ (Monitoring) প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে ল্যাবোরেটরি রিপোর্ট); এবং
(১৫) রিট পিটিশন/আপিল, আদালতে মামলা, জরিমানা, প্রতিবেশগত ক্ষতির জন্য ক্ষতিপূরণ, অভিযোগ ইত্যাদি

### ৩.৩.৪ পরীক্ষাগারের সাথে যোগাযোগ

নমুনা সংগ্রহের প্রয়োজন হলে, পরিদর্শনকারী কর্মকর্তাকে ল্যাবোরেটরিতে অনুরোধপত্র প্রদান করতে হবে এবং ল্যাবোরেটরির সাথে সমন্বয় করে সাইট পরিদর্শনের সময়সূচি ঠিক করতে হবে। পরিদর্শনকারী কর্মকর্তা অনুরোধপত্রে ছাড়পত্রের শর্তানুসারে নমুনার ধরন এবং সংখ্যা স্পষ্টভাবে উল্লেখ করবেন।

### ৩.৩.৫ পরিদর্শন সময়

কারখানা বা প্রকল্পের স্বাভাবিক কার্যক্রম পরিচালনার সময় সরেজমিন পরিদর্শন করতে হবে। প্রতিষ্ঠানটি দিন এবং রাত উভয় শিফটে চললে পরিদর্শকের দিনের বেলা পরিদর্শন করা উচিত। তবে, এনফোর্সমেন্টের প্রয়োজনে উদ্ভূত পরিস্থিতিতে পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাগণ রাতের বেলাও কারখানা বা স্থাপনা পরিদর্শন করতে পারেন।

পরিদর্শনে যাওয়ার আগে কারখানা বা স্থাপনার কর্তৃপক্ষকে অবহিত করা উচিত নয়। তবে, পরিদর্শন সাইটটি দূরে হলে এবং যেতে অনেক সময় লাগলে বা প্রতিষ্ঠান বন্ধ হয়ে যাওয়ার বা বন্ধ থাকার সম্ভাবনা থাকলে, সে ক্ষেত্রে অবহিত করা যেতে পারে। এ ক্ষেত্রে পরিদর্শনকারী কর্মকর্তা অবহিত করতে পারেন যে, শীঘ্রই প্রতিষ্ঠানিটি পরিদর্শন করা হবে। তবে, কখনোই নির্দিষ্ট তারিখ ও সময় বলা যাবে না বরং একটি সময়সীমা বলে দেওয়া যেতে পারে।

### ৩.৩.৬ পরিদর্শকের ব্যক্তিগত উপকরণসামগ্রী

কোনো শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পরিবেশগত বিষয়সমূহ পরিদর্শনে যাওয়ার সময় পরিদর্শনকারী কর্মকর্তাকে নিম্নবর্ণিত উপকরণসামগ্রী সঙ্গে নিতে হবে:

(১) পরিচয়পত্র (অফিসিয়াল আইডি কার্ড);
(২) ক্যামেরা বা ক্যামেরাযুক্ত মোবাইল ফোন;
(৩) ভ্রমণ ডায়েরি এবং কলম;
(৪) ঘড়ি;
(৫) পরিদর্শন চেকলিস্ট (পরিশিষ্ট-৩ দ্রষ্টব্য);
(৬) গুরুত্বপূর্ণ ফোন নম্বর;
(৭) পরিমাপক ফিতা;
(৮) সাইট ফাইল;
(৯) হেলমেট, বুট, ভ্যাষ্ট, N95 মাস্ক, এয়ার মাফলার, নিরাপত্তা চশমা ইত্যাদি; এবং
(১০) শব্দ পরিমাপক মিটার (যদি প্রয়োজন হয়)

## ৩.৪ অফসাইট পর্যবেক্ষণ (Offsite Observation)

সাধারণত শিল্পপ্রতিষ্ঠান বা স্থাপনায় প্রবেশের পূর্বে পরিদর্শনকারী কর্মকর্তার প্রতিষ্ঠানটির চারপাশের পরিবেশ পর্যবেক্ষণ করতে হয়। কোনো প্রতিষ্ঠান হতে বাহিরের পরিবেশে কোনো পদার্থ ছাড়িয়ে পড়া (Spill), ধোঁয়ার নিঃসরণ, তরল বর্জ্যের অবৈধ নির্গমন এবং কঠিন বর্জ্য এবং বিপজ্জনক বর্জ্যের অবৈধ ডাম্পিং সংক্রান্ত তদন্ত করতে অফসাইট পর্যবেক্ষণ সহায়ক হয়। পরিদর্শন কর্মকর্তাকে উল্লিখিত ধরনের অব্যবস্থাপনা বা বিধিবিধান লঙ্ঘনের ছবি তুলতে হবে, প্রয়োজন হলে ভিডিওগ্রাফি করতে হবে এবং প্রমাণ হিসাবে তা সংরক্ষণ করতে হবে। এ ধরনের পর্যবেক্ষণ কোনো প্রতিষ্ঠানের Zero Discharge পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি অনুধাবন করতে সহায়ক হয়। অফসাইট পর্যবেক্ষণ বহুলাংশে অনসাইট পরিদর্শনের পথ প্রদর্শনে সহায়ক হয়।

## ৩.৫ অনসাইট পরিদর্শন (Onsite Inspection)

অনসাইট পরিদর্শনের সময় যে কাজগুলো করতে হবে তার মধ্যে রয়েছে:

(১) স্থাপনা বা সাইটের মালিক অথবা প্রতিনিধির সাক্ষাৎকার গ্রহণ;
(২) রেকর্ড এবং প্রতিবেদনসমূহ পর্যালোচনা;
(৩) ছবি তোলা ও ভিডিওগ্রাফি;
(৪) নমুনা সংগ্রহ; এবং
(৫) স্থাপনা বা সাইটের কার্যক্রমসমূহ পর্যবেক্ষণ

### ৩.৫.১ স্থান বা ভবনে প্রবেশ

পরিবেশগত পরিদর্শন করার জন্য পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাগণের যে কোনো স্থান এবং ভবনে প্রবেশ করার আইনগত অধিকার রয়েছে। এ ক্ষেত্রে কর্মদিবসে একটি যুক্তিসঙ্গত সময়ে কোনো স্থান এবং প্রতিষ্ঠানে প্রবেশ করতে হবে। পরিদর্শনকারী কর্মকর্তা প্রতিষ্ঠানের প্রবেশদ্বারে উপস্থিত ব্যক্তির কাছে অফিসিয়াল আইডি কার্ড উপস্থাপনের মাধ্যমে নিজেকে শনাক্ত করে পরিদর্শনের কারণ উল্লেখ করে প্রবেশ করবেন।

পরিদর্শনকারী কর্মকর্তা প্রতিষ্ঠানের ভিজিটরস বইতে নাম ও ঠিকানা লিখবেন এবং স্বাক্ষর প্রদান করবেন। অগ্নিকাণ্ড বা অন্যকোনো জরুরি পরিস্থিতিতে এ জাতীয় তথ্য অত্যন্ত দরকারী।

### ৩.৫.২ প্রারম্ভিক সভা

স্থাপনায় প্রবেশ করার পর পরিদর্শনকারী দল বা পরিদর্শকের প্রারম্ভিক সভা করা উচিত। উক্ত সভার আলোচ্য বিষয়সমূহ সাধারণত নিম্নরূপ হয়ে থাকে:

(১) পরিদর্শন দলের সদস্যদের পরিচয়;
(২) উপস্থিতি তালিকা নেওয়া (নাম, পদবি, স্বাক্ষর, তারিখ এবং স্থান);
(৩) পরিদর্শনের উদ্দেশ্য, পরিসর এবং সম্ভাব্য সময় অবহিতকরণ;
(৪) স্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক উত্থাপিত কোনো বিষয়ের সুরাহা; এবং
(৫) পরিদর্শনের সময়সূচিতে সম্মত হওয়া

### ৩.৫.৩ কাগজপত্র পর্যালোচনা

এই পর্যায়ে নিম্নোক্ত দলিলপত্র পর্যালোচনা করা প্রয়োজন:

(১) বর্তমান উৎপাদন, কাঁচামাল এবং জ্বালানির ব্যবহার (কয়লা, এইচএফও, ডিজেল) সংক্রান্ত দালিলিক প্রমাণ (Documentary evidences);
(২) মোট পানি ব্যবহার: উৎপাদন, গৃহস্থালি এবং অন্যান্য উদ্দেশ্যে পানি ব্যবহারের দালিলিক প্রমাণ;
(৩) ইটিপি এবং এসটিপির ইনলেট এবং আউটলেট মিটার রিডিংয়ের রেকর্ড রাখার লগ বই;
(৪) তরল বর্জ্যের (Infulent and Effluent) নিজস্ব মনিটরিং প্রতিবেদন;
(৫) বিপজ্জনক বর্জ্য উৎপাদন, মজুদ এবং অপসারণের তথ্যসম্বলিত দলিল;
(৬) মূল পরিবেশগত ছাড়পত্র এবং পরবর্তী নবায়নের অনুলিপি;
(৭) স্ট্যাক নিঃসরণ এবং পরিবেষ্টক বায়ুমানের মনিটরিং প্রতিবেদন; এবং
(৮) জিরো ডিসচার্জ পরিকল্পনা বাস্তবায়নের দালিলিক প্রমাণ

### ৩.৫.৪ পরিদর্শনের ভৌত বিষয়সমূহ (Physical features to inspect)

অনসাইট পরিদর্শনের সময় উক্ত সাইটের Facilities এবং সাইটে চলমান কার্যক্রমসমূহ পর্যবেক্ষণ করা পরিদর্শকের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ পর্যায়ে পরিদর্শনকারী কর্মকর্তাকে যে সকল ভৌত বিষয়সমূহ পরীক্ষা করতে হবে তা নিম্নরূপ:

(১) উৎপাদন প্রক্রিয়াকরণ ইউনিটের সংখ্যা এবং উৎপাদন ক্ষমতা যাচাই;
(২) কাঁচামাল সংরক্ষণ, স্থানান্তর এবং উৎপাদন প্রক্রিয়া পর্যবেক্ষণ;
(৩) গ্যাসীয় নিঃসরণ, তরল বর্জ্য উৎপাদন এবং বিপজ্জনক বর্জ্য সৃষ্টির উৎস সনাক্তকরণ;
(৪) গভীর নলকূপের সংখ্যা এবং তাদের উৎপাদন ক্ষমতা যাচাই;
(৫) বৃষ্টির পানি এবং তরল বর্জ্য নিষ্কাশন ড্রেন এবং নির্গমন স্থানসমূহ পরীক্ষাকরণ;
(৬) ETP এবং STP-এর বিভিন্ন ইউনিটসমূহ এবং মিটারসমূহ পরীক্ষাকরণ;
(৭) ইটিপি এবং এসটিপি চালানো হয় কি না এবং এগুলোর পরিশোধন ক্ষমতা যথেষ্ট কি না তা পরীক্ষাকরণ;
(৮) স্লাজ, বিপজ্জনক বর্জ্য এবং রাসায়নিক দ্রব্যের সংরক্ষণাগার পরীক্ষাকরণ;
(৯) বায়ুদূষণ নিয়ন্ত্রণ ব্যবস্থা, যেমন: ব্যাগ হাউস, ইএসপি, স্ক্রাবার, সাইক্লোন এবং স্ট্যাকের অপারেশনাল অবস্থা, কার্যকারিতা এবং পর্যাপ্ততা পরীক্ষাকরণ;
(১০) অন্যান্য দূষণ নিয়ন্ত্রণ সরঞ্জামের অপারেশনাল অবস্থা, কার্যকারিতা এবং পর্যাপ্ততা পরীক্ষাকরণ;
(১১) বর্জ্য পুনঃব্যবহারের সুবিধাদি পরীক্ষাকরণ;
(১২) ল্যাব পরিদর্শন এবং এর সরঞ্জাম এবং জনবল পরীক্ষাকরণ;
(১৩) দূষণ নিয়ন্ত্রণের জন্য নিয়োগকৃত বিশেষজ্ঞ জনবল যাচাই;
(১৪) চেকলিস্ট পূরণ এবং ব্যত্যয়সমূহ নোট করা;
(১৫) পরিবেশগত ছাড়পত্রে প্রদত্ত শর্তাবলীর প্রতিপালন যাচাই এবং ব্যত্যয়সমূহ পর্যবেক্ষণ; এবং
(১৬) পরিদর্শনকালে ছবি তুলতে হবে, বিশেষত পরিবেশগত বিষয় প্রতিপালিত না হলে তার ছবি

